তারিখ: ১০/০৯/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ------------------------------------ বঙ্গাব্দ/------------------------------------ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ------আইন/২০২৫। বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নম্বর আইন) এর ধারা ১৪৬, ধারা ৬২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার তপশিল নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে-

**তপশিল**

**[বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পলিসির ধরন | ব্যয় নিরূপণের ভিত্তি | পরিমাণ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | (ক) অ্যানুয়িটি পলিসি: | | |
| | (অ) একক প্রিমিয়াম পদ্ধতিতে প্রিমিয়াম আদায় করা হইলে- | প্রথম বৎসরে আদায়কৃত প্রিমিয়ামের | ৪.০০% |
| | (আ) কিস্তিতে প্রিমিয়াম আদায় করা হইলে- | (১) প্রথম বৎসরে আদায়কৃত প্রিমিয়ামের | ৭.০০% |
| | | (২) নবায়ন প্রিমিয়ামের | ৪.০০% |
| | (ই) উপ-দফা (অ) ও (আ) উভয় ক্ষেত্রেই | সংশ্লিষ্ট বৎসরে পরিশোধিত মোট অ্যানুয়িটির | ১.০০% |
| | (খ) একক প্রিমিয়াম পলিসির ক্ষেত্রে | আদায়কৃত প্রিমিয়ামের | ৫.০০% |
| ২। | পেইড আপ পলিসি (Paid up policy) | মোট বীমা অংকের বাৎসরিক গড়ের (পুনঃবীমা বাদে) | ০.০৫% |
| ৩। | গোষ্ঠী বীমা পলিসি | বৎসরে পরিশোধিত প্রিমিয়ামের | ১০.০০% |
| ৪। | দফা (১), (২) ও (৩) ব্যতীত অন্যান্য সকল পলিসির ক্ষেত্রে লাইফ বীমাকারীর ব্যবসার সময়কাল বা বয়স- | | |
| | (ক) ১-৫ বৎসর | (অ) প্রথম বৎসর প্রিমিয়ামের | ৮৫% |
| | | (আ) নবায়ন প্রিমিয়ামের | ২০% |
| | (খ) ৬-১০ বৎসর | (অ) প্রথম বৎসর প্রিমিয়ামের | ৮৪% |
| | | (আ) নবায়ন প্রিমিয়ামের | ১৭% |
| | (গ) ১০ বৎসর বা তদূর্ধ্ব | (ক) প্রথম বৎসর মোট প্রিমিয়ামের পরিমাণ- | |
| | | (অ) ১০০ কোটি টাকা বা উহার কম হইলে | ৮২% |
| | | (আ) ১০০ কোটি টাকার বেশি কিন্তু অনূর্ধ্ব ৫০০ কোটি টাকা হইলে | ৮১% |
| | | (ই) ৫০০ কোটি টাকার বেশি হইলে | ৭৬% |
| | | (খ) নবায়ন প্রিমিয়ামের | ১০% |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব**
**পরিচালক (আইন)**
**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**